

2 0 1 6

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) 'স্মৃতি' গল্পে স্টেশনমাস্টারের দেশ কোথায় ছিল ?
- (খ) নিমগাছের দিকে খানিকক্ষণ তাকিয়ে কে চলে গেল ?
- (গ) বৈশাখী পূর্ণিমা উৎসবে মুখুঞ্জেরদের বাড়িতে কোন্ নাটক অভিনীত হয়েছিল ?
- (ঘ) "ব্রজেশ্বর শিহরিল—মাথায় করাঘাত করিল। বলিল 'তিনিই কি গোইন্দা ?' " 'গোইন্দা' কে ?
- (ঙ) উত্তরবঙ্গের কোন্ রাজার ধন কৃষ্ণগোবিন্দ পেয়েছিলেন ?
- (চ) ভবানীঠাকুরের কাছে প্রফুল্ল কত বছর অধ্যয়ন করেছিল ?
- (ছ) ব্রজেশ্বরের বজরা আক্রমণ করে তাঁকে দেবীরানির কাছে কে নিয়ে গিয়েছিলেন ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

২×৪=৮

- (ক) “অসভ্যতা তাহাকে দেখিলেই তাড়া করিত।” ‘অসভ্যতা’ কে? সে কাকে তাড়া করত?
- (খ) “কি হচ্ছে এখানে মিঞাসাহেব।” এখানে ‘মিঞাসাহেব’ বলে কাকে সম্বোধন করা হয়েছে? তিনি কী করছিলেন?
- (গ) “স্বী বলিয়া স্বীকার না কর, দাসী বলিয়া মনে রাখিও।” কে, কাকে একথা বলেছেন?
- (ঘ) “ভবানীঠাকুর অস্বীকার মত দুইজন স্ত্রীলোক পাঠাইয়া দিলেন।” এই দুজন স্ত্রীলোক কে কে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) ‘বুধনী’ গল্প অবলম্বনে হাজারীবাগের পার্বত্য প্রদেশে প্রচলিত বিবাহ প্রথাটির বিষয়ে লেখো।
- (খ) ‘তাজমহল’ গল্প অবলম্বনে ফকির শা-জাহানের অকৃত্রিম প্রেমিক হৃদয়ের যে কোনো একটি চিত্র অঙ্কন করো।
- (গ) ‘স্মৃতি’ গল্পে স্টেশনমাস্টারের ‘চায়ের সদব্রত’ ব্যাপারটি কী, লেখো।
- (ঘ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে রঙ্গরাজের ভূমিকা সংক্ষেপে ব্যক্ত করো।
- (ঙ) “প্রফুল্ল এ সর্বনাশের কথা কিছুই জানিতে পারে নাই।” প্রসঙ্গ উল্লেখ করে প্রফুল্লের সর্বনাশের বিষয়ে লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

(ক) 'দেবী চৌধুরাণী' উপন্যাসের হরবল্লভ চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা

(খ) "হরবল্লভের গৃহিণীর উপস্থিতিতে একটি সম্পন্ন বাঙালী পরিবারের অন্তঃপুর একান্ত জীবন্ত হয়ে উঠেছে।" 'দেবী চৌধুরাণী' উপন্যাসের গৃহিণী চরিত্র বিশ্লেষণ করে উক্তিটির সারবস্তু প্রমাণ করো।

(গ) "বনফুলের ছোটগল্পে মানবজীবনের বহুরূপী রূপটিই বিচিত্রভাবে ধরা দিয়েছে।" তোমার পাঠ্য যে কোনো একটি গল্প অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ করো।

অথবা

(ঘ) 'জাগ্রত দেবতা' গল্পে বনফুল কীভাবে অন্ধভক্তি ও কুসংস্কারাচ্ছন্ন গ্রাম-সমাজকে ফুটিয়ে তুলেছেন তা আলোচনা করো।

(ঙ) উপন্যাসের নাম 'দেবী চৌধুরাণী' হলেও এ-কাহিনির নায়িকা প্রফুল্ল দেবী চৌধুরাণীতে রূপান্তরিত হয়েছিল কার্যকারণের ভিত্তিতে, ঘটনা ও অবস্থার পরিপ্রেক্ষিতে, অন্তর্নিহিত প্রবণতায় নয়। আলোচনা করো।

অথবা

(চ) বনফুলের জীবনচৈতন্যে প্রাকৃতিক প্রাণীলার ছবি কীভাবে ধরা পড়েছে তা 'বুধনী' গল্প বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।
